

Bankura University

BA 3<sup>rd</sup> Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

Course ID: 30112

Course Code: AHBNG-302-C-6

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) বিদ্যাসাগরের বিতর্কমূলক দুটি রচনার নাম লেখো।

খ) অক্ষয়কুমার দত্ত কে ছিলেন ? তাঁর দুটি রচনার নাম উল্লেখ করো।

গ) নবীনচন্দ্র সেনের কোন কোন কাব্যকে একত্রে ত্রয়ী মহাকাব্য বলা হয় ?

ঘ) ‘আলালের ঘরের দুলাল’ কী ধরনের রচনা ? এর প্রকাশ কাল কত ?

ঙ) পরশুরাম কার ছদ্মনাম ? তাঁর রচিত একটি গ্রন্থের নাম লেখো।

চ) ‘কারাগার’ নাটকটি কার রচিত ? তাঁর রচিত অপর একটি নাটকের নাম লেখো।

ছ) নজরুল ইসলামের দুটি কাব্যগ্রন্থের নাম ও প্রকাশ কাল লেখো।

জ) ‘পথের দাবী’ কার রচিত কী ধরনের উপন্যাস ?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের ‘পদ্মিনী উপাখ্যান’ কাব্যটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

খ) গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) বাংলা কথাসাহিত্যে রবীন্দ্রনাথের ‘গোরা’ উপন্যাসটির গুরুত্ব বিচার করো।

ঘ) প্রমথ চৌধুরী বাংলা গদ্য সাহিত্যকে কিভাবে অগ্রসর করেছিলেন আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১০ x ২ = ২০

ক) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে মধুসূদন দত্তের কৃতিত্ব বিচার করো।

খ) বাংলা প্রবন্ধ সাহিত্যে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

গ) বাংলা কাব্য সাহিত্যে বিহারীলাল চক্রবর্তীর অবদান আলোচনা করো।

ঘ) বাংলা উপন্যাসে মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো।